# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2012**

**SECOND YEAR**

Date : 21/05/2012 **BENGALI (Honours)**

Time : 11 am – 3 pm Paper : IV Full Marks : 100

১. জনপ্রিয় ঔপন্যাসিক হলেও শরৎচন্দ্রের উপন্যাসে যে সীমাবদ্ধতা লক্ষ্য করা যায় তার স্বপক্ষে যুক্তিসহ আলোচনা করো। [15]

**অথবা,**

বুদ্ধিজীবীর জীবনচর্যা ও অস্তিত্বের সংকট ধূর্জটিপ্রসাদের উপন্যাসে যে নতুন দৃষ্টিভঙ্গির সূচনা করলো, সেই প্রেক্ষিতে ঔপন্যাসিক হিসাবে তাঁর স্বতন্ত্র্য বিচার করো।

২. টীকা লেখো ঃ (যে কোন **একটি**) [5]

পুতুলনাচের ইতিকথা, জাগরী

৩. বঙ্কিমচন্দ্রের 'চন্দ্রশেখর' উপন্যাসের 'শৈবলিনীর প্রায়শ্চিত্ত' অংশে নীতিবাদী বঙ্কিমের সঙ্গে শিল্পী বঙ্কিমের কোনো দ্বন্দ্ব কি তুমি প্রত্যক্ষ করো? [11]

**অথবা,**

'চন্দ্রশেখর' উপন্যাসটিতে চন্দ্রশেখর, শৈবলিনী ও প্রতাপ চরিত্রের মধ্যে নরনারীর জটিল ও বৈচিত্র্যময় সম্পর্কের প্রতিফলন কীভাবে ঘটেছে?

৪. 'পৃথিবীতে যত পাপিষ্ঠা আছে, তোমার মত পাপিষ্ঠা কেহ নাই।' --কে, কাকে, কেন এই কথা বলেছে? [1+1+2]

**অথবা,**

'আমার ভালোবাসার নাম জীবন বিসর্জনের আকাঙ্ক্ষা।' ---কে, কাকে বলেছে? উক্তিটির তাৎপর্য কী?

৫. "আমি আগুনের মধ্যে দিয়ে বেরিয়ে এসেছি, যা পোড়বার তা পুড়ে ছাই হয়ে গেছে, যা বাকি আছে তার আর মরণ নেই। সেই আমি আপনাকে নিবেদন করে দিলুম তাঁর পায়ে যিনি আমার সকল অপরাধকে তাঁর গভীর বেদনার মধ্যে গ্রহণ করেছেন।" উক্তিটির আলোকে 'ঘরে-বাইরে' উপন্যাসের বিমলা চরিত্রটি বিশ্লেষণ করো। [11]

**অথবা,**

'ঘরে বাইরে' উপন্যাসের প্রকরণসজ্জায় ওপন্যাসিকের মুন্সিয়ানা বিচার করো।

৬. "আমার নামে কাগজে প্যারাগ্রাফ এবং চিঠি বেরোতে শুরু হয়েছে; শুনছি একটা ছড়া এবং ছবি বেরোবে তারও উদ্যোগ হচ্ছে।" 'আমি' কে? এইসব কাণ্ড ঘটানো হচ্ছে কেন? [1+3]

**অথবা,**

"আস্ত পাওয়াটাই সব চেয়ে ভালো, নিতান্তই যদি তা সম্ভব না হয় তবে আস্ত হারানোটাও ভালো।" ---তাৎপর্য ব্যাখ্যা করো। [4]

৭. ছোটগল্পকার হিসাবে প্রেমেন্দ্র মিত্রের সার্থকতা বিচার করো। [15]

**অথবা,**

১৯৪৪ খ্রিস্টাব্দের পূর্বে এবং পরে রচিত মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পে কোনো উল্লেখযোগ্য পরিবর্তন কি তুমি দেখতে পাও?

৮. যে কোন **একটি** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। [5]

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জমিদার-কেন্দ্রিক গল্প, চিকিৎসা সংকট।

৯. “আমি একটা কথা বুঝতে পারি নে, আমার গল্পগুলিকে কেন গীতধর্মী বলা হয়। এগুলি নেহাৎ বাস্তব জিনিস।”
‘শাস্তি’ গল্পটির আলোকে মন্তব্যটি বিচার করো। [11]

**অথবা,**

অতিপ্রাকৃত জগতের আবরণ সরিয়ে মনোবিকলন তত্ত্ব কীভাবে প্রতিষ্ঠিত হয়েছে ‘নিশীথে’ গল্পে, তার সপক্ষে যুক্তি প্রদর্শন করো।

১০. ‘সে আমাকে কথায় কথায় কেবল তাক লাগিয়ে দিত।’
‘সে’ এবং ‘আমি’ কারা? কীভাবে সে তাক লাগাতো? [2+2]

**অথবা,**

‘এই সে প্রথম এমন কিছু দেখেছে যার কোনো মানে নেই।’
কোন্ রচনার অংশ? উক্তিটির তাৎপর্য কী? [1+3]

১১. স্বাধীনতা-উত্তর ভারতবর্ষের রাজনীতির নির্ভুল ছবি ‘চরণদাস এম এল এ’। --মন্তব্যটি বিচার করো। [11]

**অথবা,**

‘মহানগর’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

১২. “আদর, যাও মা, বামুনহাটের মেলা দেখে এস।” ---বক্তা কে? ‘মেলা দেখে’ আসার তাৎপর্য কী? [1+3]

**অথবা,**

“ষড়ৈশ্বর্য সস্তায় হয় না বাপু, কঠোর সাধনা চাই” --- কে, কাকে, কোন্ প্রসঙ্গে এহ্ উক্তি করেছে? [½+½+3]